The Bangladesh Monitor - A Premier Travel Publication



Date: 20 November, 2025

জমকালো আয়োজনে দুবাইয়ে চলছে আন্তর্জাতিক এয়ার শো

- A Monitor Desk Report



ঢাকাঃ সংযুক্ত আরব আমিরাতের বাণিজ্যিক রাজধানী দুবাইয়ে জীকজমকপূর্ণভাবে চলছে বিশ্বের অন্যতম ৫ দিনব্যাপী আন্তর্জাতিক দুবাই এয়ার শো।

সোমবার (১৭ নভেম্বর) শুরু হওয়া এই প্রদর্শনী শেষ হবে আগামীকাল (২১ নভেম্বর) শুক্রবার। এটি এ আয়োজনের ১৯তম আসর। দুবাইয়ে প্রথম এয়ার শো অনুষ্ঠিত হয়েছিল ১৯৮৯ সালে।

দুবাই ওয়ার্ল্ড সেন্ট্রালের সুবিশাল চত্বরে আয়োজিত এই বৃহৎ অনুষ্ঠানে এবার অংশ নিয়েছে দেড় হাজারের বেশি আন্তর্জাতিক প্রতিষ্ঠান। ভিড় করেছেন দেড় লাখের মতো দর্শক, এভিয়েশন বিশেষজ্ঞ, উদ্যোক্তা এবং ১১৫ দেশের ৪৯০টি সামরিক ও বেসামরিক প্রতিনিধিদল।

বিশেষ এই আয়োজনের এ বছরের প্রদর্শনীতে রয়েছে ২১টি দেশের প্যাভিলিয়ন। এর মধ্যে প্রথমবারের মতো অংশ নিয়ে বিশেষ নজর কাড়ছে মরক্ষো।

পাশাপাশি উপস্থিত আছে ৯৮টি কর্পোরেট প্রতিষ্ঠান, ১২০টি নতুন উদ্ভাবনী প্রজেক্ট এবং তাদের সঞ্চো অর্ধ শতাধিক বিনিয়োগকারী প্রতিষ্ঠান। সব মিলিয়ে এটি এখন এভিয়েশন সেক্টরের এক মিলনমেলায় পরিণত হয়েছে।

অনুষ্ঠানে হাজির হয়েছেন এয়ারবাস ও বোয়িংয়ের মতো প্রতিষ্ঠানগুলোর শীর্ষ কর্মকর্তারাও।

ফ্লাই দুবাই ঘোষণা দিয়েছে ১৫০টি এয়ারবাস কেনার, যা তাদের ইতিহাসে সবচেয়ে বড় সম্প্রসারণ। অন্যদিকে পাল্লা দিয়ে এমিরেটস জানিয়েছে, তাদের বহরে যুক্ত হবে আরও ৬৫টি বোয়িং ট্রিপল সেভেন, যাতে ব্যয় হবে প্রায় ৩৮ বিলিয়ন ডলার।

সামরিক ও বেসামরিক সব ধরনের আকাশযানের অন্যতম বড় ও জাঁকজমকপূর্ণ এই প্রদর্শনীতে সর্বশেষ প্রযুক্তি এবং কৃত্রিম বুদ্ধিমতার সমন্বয়ে

তৈরি নান্দনিক নকশার বিমান, হেলিকপ্টার, ড়োন, আকাশট্যাক্সি এবং উড়ুক্কু স্কুটারের সমাবেশ দেখা যাচ্ছে।
এসব নিয়ে পারস্য উপসাগরের দক্ষিণ উপকূলের নগর দুবাই এখন বিশ্ব এভিয়েশনের প্রাণকেন্দ্রে পরিণত হয়েছে।

-B